



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৩-০২-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের বর্তমান কার্যনির্বাহী কমিটি উদীয়মান ও প্রতিভাবান তরুন খেলোয়াড় সৃষ্টিসহ ফুটবলের পুনঃ জাগরণের ও দেশের ফুটবলের উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ প্রেক্ষিতে সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন কর্তৃক আয়োজিত 'সাফ অ-১৫ চ্যাম্পিয়নশীপ ২০২১' ও 'সাফ অ-১৬ চ্যাম্পিয়নশীপ ২০২২' সহ এশিয়ান ফুটবল কনফেডারেশন কর্তৃক আয়োজিত 'এএফসি অ-১৭ চ্যাম্পিয়নশীপ ২০২৩, কোয়ালিফায়ার্স' এর খেলা ২০২২ সালে অনুষ্ঠিত হবে। উক্ত চ্যাম্পিয়নশীপ ও কোয়ালিফায়ার্সে যথাক্রমে বাংলাদেশ অ-১৫, অ-১৬ ও অ-১৭ জাতীয় ফুটবল দল (জন্ম: ০১-০১-২০০৬ হতে তদুর্ধ্ব) অংশগ্রহণ করবে।

উক্ত প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণের লক্ষ্যে বয়সভিত্তিক প্রতিভাবান খেলোয়াড়দের নিয়ে বাফুফে'র দীর্ঘমেয়াদী আবাসিক প্রশিক্ষণ ক্যাম্প খুব শীঘ্রই শুরু হতে যাচ্ছে। এই লক্ষ্যে গত ৩০ জানুয়ারী হতে পর্যায়ক্রমে দেশের সকল জেলা ও বিভাগে প্রতিভাবান ফুটবল খেলোয়াড় অন্বেষণ কর্মসূচী শুরু হয়েছে।

এ প্রেক্ষিতে ৩ ও ৪ ফেব্রুয়ারী ২০২১ তারিখ ৮টি জেলায় ফরিদপুর, নোয়াখালী, সাতক্ষীরা, মৌলভীবাজার, চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট, পটুয়াখালী ও ময়মনসিংহ জেলায় প্রতিভাবান খেলোয়াড় বাছাই কার্যক্রম চলমান থাকবে। আগামী ৪ ফেব্রুয়ারী ২০২১ তারিখ নেত্রকোণায় এবং ৫ ও ৪ ফেব্রুয়ারী ২০২১ তারিখ ৭টি জেলায় যথাক্রমে রাজবাড়ী, ফেনী, যশোর, হবিগঞ্জ, বগুড়া, কুড়িগ্রাম ও বরগুনা জেলায় প্রতিভাবান খেলোয়াড় বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।